দৈনিক ইনকিলাব

তারিখ 04 SEP 1988
পৃষ্ঠা 2 কলাম 1

041



# জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের প্রিন্সিপালের ইন্তেকাল

॥ স্টাফ রিপোর্টার ॥

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের প্রিন্সিপাল, প্রখ্যাত শিক্ষাবিদ জনাব হাবিবুল বাশার গত শুক্রবার দুপুরে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৪ বছর। তিনি মা, স্ত্রী, এক পুত্র, দুই কন্যা, বহু আত্মীয়-স্বজনসহ অনেক গুণগ্রাহী রেখে গেছেন। সুন্দর ও মার্জিত ব্যবহার ছিল তাঁর জীবনের অন্যতম বৈশিষ্ট্য। মরহুমের প্রতি সম্মান প্রদর্শনের জন্য আগামীকাল পর্যন্ত কলেজ অফিস বন্ধ থাকবে। আগামীকাল (সোমবার) বিকেল ৩টায় কলেজ মসজিদ এবং ৫টায় মরহুমের বাসভবনে কুলখানি অনুষ্ঠিত হবে।